

Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 08 July, 2025

কক্সবাজারের উখিয়া উপজেলার জালিয়াপালং ইউনিয়নের মনখালী এলাকায় কামাল উদ্দিন (৩৫) নামের এক ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্যের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার (৮ জুলাই) দুপুর ২টার দিকে মনখালী এলাকার একটি ছড়া থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত কামাল উদ্দিন মনখালী গ্রামের মরহুম ছিদ্দিক আহমেদের ছেলে। তিনি একজন জনপ্রিয় জনপ্রতিনিধি হিসেবে এলাকায় পরিচিত ছিলেন। তার এক ছেলে ও এক মেয়ে রয়েছে।

পরিবারের বরাতে জানা গেছে, সোমবার (৭ জুলাই) রাত ১১টার পর থেকে কামাল উদ্দিন নিখোঁজ ছিলেন। অনেক খোঁজাখুঁজির পরও তার কোনো খোঁজ মেলেনি। পরদিন দুপুরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে মনখালীর পাশের একটি ছড়ায় তার মরদেহ দেখতে পায় পুলিশ।

নিহতের শ্বশুর শিক্ষক আবদুর রহমান বলেন, “খবর শুনে ঘটনাস্থলে যাচ্ছি। কীভাবে কী হয়েছে, তা এখনো জানি না।”

উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আরিফ হোসেন বলেন, “নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। আমরা বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করছি। অপরাধীদের শনাক্ত ও গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।”

এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয়রা দ্রুত অপরাধীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

উখিয়া শ্বাসরোধে হত্যা মরদেহ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:05

URL: <https://timestodaybd.com/public/across-the-country/4457174567>